

টেনিসের উন্নয়নে সাইফ পাওয়ারটেকের সাথে টেনিস ফেডারেশনের এমওইউ স্বাক্ষর

ঢাকা, ১০ ডিসেম্বর ২০২৩;

টেনিস খেলার উন্নয়নে দু'বছরের জন্য বাংলাদেশ টেনিস ফেডারেশন ও সাইফ পাওয়ারটেক লিমিটেডের মধ্যে আজ ঢাকায় টেনিস ফেডারেশনের সভাকক্ষে একটি সমঝোতা স্মারকপত্র স্বাক্ষরিত হয়েছে।

নৌপরিবহন প্রতিমন্ত্রী এবং বাংলাদেশ টেনিস ফেডারেশনের সভাপতি খালিদ মাহমুদ চৌধুরী এম.পি'র উপস্থিতিতে দু'বছর মেয়াদি সমঝোতা স্মারকপত্র (এমওইউ) স্বাক্ষরিত হয়। এমওইউ-তে স্বাক্ষর করেন বাংলাদেশ টেনিস ফেডারেশনের সাধারণ সম্পাদক আবু সাঈদ মোহাম্মদ হায়দার এবং সাইফ পাওয়ারটেক লিমিটেডের নির্বাহী পরিচালক মেজর ফারুক আহমেদ খান (অবঃ)। এসময় অন্যান্যের মধ্যে সাইফ পাওয়ারটেক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক তরফদার মোঃ রুহুল আমিন, বাংলাদেশ টেনিস ফেডারেশনের সহ-সভাপতি মোতাহার হোসেন সাজু উপস্থিত ছিলেন।

এমওইউ অনুযায়ী সাইফ পাওয়ারটেক লিমিটেড দেশব্যাপী জুনিয়র টেনিস ইনিশিয়েটিভ প্রোগ্রাম পরিচালনা, কোচেস প্রশিক্ষণ, স্কুল শিক্ষকদের টেনিস প্রশিক্ষণ, জেলা ও বিভাগীয়, আন্তঃস্কুল এবং বিজয় দিবস টেনিস প্রতিযোগিতা আয়োজন করবে।

জুনিয়র টেনিস ইনিশিয়েটিভ প্রোগ্রামের আওতায় দেশের ৩২টি জেলায় প্রতিটি জেলার কমপক্ষে চারটি করে স্কুলে সর্বমোট ১২৭টি স্কুলে বছরব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় টেনিস সামগ্রী স্কুলগুলোতে প্রদান করা হবে। এসব কর্মসূচির মাধ্যমে টেনিসের কার্যক্রম সম্প্রসারণ, টেনিসের প্রশিক্ষণ কার্যক্রম একটি টেকসই পর্যায়ে নিয়ে যাওয়া সম্ভব হবে। দেশব্যাপী টেনিসের সম্প্রসারণের লক্ষ্যে আজকের এই এমওইউ অনুষ্ঠান মাইলফলক হিসেবে চিহ্নিত হবে।

মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪